

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এর আইএস বিভাগ-২, ঢাকা।			
২৮৭২	১৪/১১/২২		
ক্র. নং:	নং:	উ. বি. নং:	নি. নং:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫ ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩  
[www.pwd.gov.bd](http://www.pwd.gov.bd)

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.১৩৬.২০২২/ ৪৫৬

তারিখঃ ২৬/০৬/২০২২  
৩০/০৬/২০২২

বরাবর,

নির্বাহী প্রকৌশলী,  
গণপূর্ত ই/এম কাঠেরকারখানা বিভাগ, ঢাকা।

বিষয়ঃ-২০২১-২০২২ আর্থিক সালে জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের আসবাবপত্র সরবরাহের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি আর্থিক সালে খরচ করার জন্য ৭৯,৯৪,৭৪৫/- (উনআশি লক্ষ চুরানব্বই হাজার সাতশত পঁয়তাল্লিশ) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো।

উক্ত খরচ পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকার স্মারক নং-/১১৪৬ তারিখঃ- ২৯/০৫/২০২২ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/২৮২৯ তারিখঃ-২৩/০৬/২০২২ খ্রিঃ এর দ্বারা গৃহীতকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৭৯,৯৪,৭৪৫/ টাকা ২০২১-২০২২ আর্থিক সালে হিসাবের কোড নং-৪১১২৩১৪ (আসবাবপত্র) উপখাত হতে মিটানো হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে।

শর্তঃ-

- প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করিয়া অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরের নিকট সমর্পণ করতে হবে।

(মোঃ শহিদুল আলম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ০২২২৩৩৮৮৯১৪

[se.coord@pwd.gov.bd](mailto:se.coord@pwd.gov.bd)

তারিখঃ ২৬/০৬/২০২২

৩০/০৬/২০২২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.১৩৬.২০২২/ ৪৫৬/২(২৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(স্বাস্থ্য উইং)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা।
- ৬। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৮। পরিচালক, রংপুর মেডিকেল হাসপাতাল, রংপুর। ইহা পূর্ব পৃষ্ঠায় বর্ণিত তার স্মারক ও তারিখের বরাতে।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।